



নিজস্ব লেখা “কবিতা/গল্প”
সংবাদপত্রে প্রকাশিত করতে -
৯০৬২৮৬৭৯২৯

এই যুগ

EI YUG



এই যুগ এর নিজস্ব ওয়েবসাইট
eiyug.in থেকে ডাউনলোড
করুন “এই যুগ অ্যাপ”

কোচবিহারের চাংটিংগুড়ি অঞ্চলে
সরকারি প্রকল্পের উদ্বোধন করলেন
রাজ্যের পঞ্চায়েত মন্ত্রী দিলীপ ঘোষ



নিজস্ব সংবাদদাতা , এই যুগ , কোচবিহার , ২০ সেপ্টেম্বর : কোচবিহার দুই নম্বর ব্লকের চাংটিংগুড়ি অঞ্চলে চাংটিংগুড়ি বাজারের চারপাশে নির্মিত সরকারি প্রকল্পের উদ্বোধন করলেন রাজ্যের গ্রামোন্নয়ন, পঞ্চায়েত ও কৃষি বিপণন দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী দিলীপ ঘোষ। রবিবার তিনি প্রকল্পটির উদ্বোধন করে বলেন রাজ্যে সামাজিক পরিবর্তনের লক্ষ্যে রাজ্য সরকার কাজ করছে। তিনি আরও বলেন কেউ কাজ করতে পঞ্চায়েতে আবেদন করলে একশ দিন এর প্রকল্পে কাজ করতে পারবেন। সকলের মাথার ওপর ছাদ দেবার লক্ষ্যে প্রধানমন্ত্রী আবাস যোজনায় ঘর নির্মাণ কাজের সমীক্ষা হয়েছে। তার জন্য প্রয়োজনীয় অর্থ উপভোক্তার ব্যাঙ্ক অ্যাকাউন্টে সরাসরি পাঠানো হবে। ঘর সহ শৌচাগার নির্মানের জন্য এক লক্ষ চুরামবই হাজার টাকা দেওয়া হচ্ছে। সরকারি কাজের বিনিময়ে কাউকে কাটমানি দিতেও তিনি মানা করেন। উপস্থিত ছিলেন কোচবিহার উত্তরের বিধায়ক সুকুমার রায় সহ অন্যান্য বিশিষ্ট ব্যক্তিগণ।

কুড়মালি ভাষাকে সংবিধানের অষ্টম
তপশিলের অন্তর্ভুক্ত করার চেষ্টা চলছে,
জানালেন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী



নিজস্ব সংবাদদাতা , এই যুগ , পুরুলিয়া , ২০ সেপ্টেম্বর : রবিবার পুরুলিয়া জেলার টামনা থানার করাডিতে করম নৃত্য উৎসবে যোগ দিয়ে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী বলেন , “আদিবাসী সমাজের উন্নয়নে এবং তাদের অধিকার সুরক্ষিত রাখতে রাজ্য সরকার প্রতিশ্রুতিবদ্ধ। কুড়মালি ভাষাকে সংবিধানের অষ্টম তপশিলের অন্তর্ভুক্ত করার চেষ্টা চলছে।” করাডি থেকে তিনি পুরুলিয়া জেলা শহরের সার্কিট হাউজে প্রশাসনিক কর্মকর্তাদের সাথে প্রশাসনিক বিষয়ে একটি বৈঠক করেন তারপর সাংবাদিকদের সন্মুখীন হয়ে বলেন , “কুড়মি সংস্কৃতির ঐতিহ্য রক্ষায় রাজ্য সরকার সমস্ত রকম পদক্ষেপ গ্রহণ করবে।” কুড়মি দের রেল রোকো কর্মসূচির সময় যে সমস্ত আন্দোলনকারীদের বিরুদ্ধে মামলা হয়েছিল তা প্রত্যাহার করার ঘোষণা করেন তিনি। তিনি আরও বলেন , “অতি শীঘ্রই কুড়মি উন্নয়ন বোর্ড কাজ শুরু করবে। এই বোর্ডের জন্য বাজেটে ৫০ কোটি টাকা বরাদ্দ করা হয়েছে।” এছাড়াও বিবি জীরামজি প্রকল্পের আওতায় সকলকে জব কার্ড করিয়ে নেওয়ার পরামর্শও দিয়েছেন তিনি। জেলায় শিল্পায়নে গতি নিয়ে আসার কথাও তিনি উল্লেখ করেন। এছাড়াও সব শ্রেণীর মানুষের জন্য সমস্ত রকম সরকারি সুযোগ-সুবিধা পৌঁছে দেওয়া হবে বলে জানান মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী। জেলার পথটন শিল্পের উন্নয়নে বিভিন্ন পদক্ষেপ নেওয়া হবে এবং পাশাপাশি এখানে একটি অভয়ারণ্য গড়ে তোলার প্রস্তাব চূড়ান্ত পর্যায়ে রয়েছে বলেও তিনি জানান।

Contact No: 9836753661

Graphic Design and Print Work

Desing work : Newspaper , Magazine , Book , Flex , Poster , Cartoon , Logo

Publishing work

Publishing work : Newspaper , Magazine , Book

EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE

ADDs: BANKRA DAKSHIN PALLY , HOWRAH-711403 , WEST BENGAL

ফালাকাটার কৃষক বাজারে উদ্বোধনী অনুষ্ঠানে পঞ্চায়েত মন্ত্রী দিলীপ ঘোষ



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২০ সেপ্টেম্বর : রবিবার ফালাকাটা কৃষক বাজারের অনুষ্ঠানে এসে সম্বর্ধনার জোয়ারে ভাসলেন রাজ্যের পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন দপ্তরের মন্ত্রী দিলীপ ঘোষ।এদিন ফালাকাটা কৃষক মন্দির নবনির্মিত পরিকাঠামোর উদ্বোধনী অনুষ্ঠানে যোগ দেন তিনি। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন জেলা প্রশাসনের আধিকারিক, পঞ্চায়েত সমিতির সদস্য এবং স্থানীয় জনপ্রতিনিধিরা।মন্ত্রী মঞ্চে আসতেই তাকে ফুলের মালা, উত্তরীয় ও স্মারক দিয়ে সম্বর্ধনা জানানো হয়। দপ্তরের আধিকারিক ও স্থানীয় নেতৃবৃন্দের পক্ষ থেকে তাকে উষ্ণ অভ্যর্থনা জানানো হয়।রবিবার বেলা আড়াইটা নাগাদ তিনি আসার কথা ছিল কৃষক বাজারে কিন্তু তার অনেক আগে থেকেই দলীয় কর্মী এবং নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন কৃষক বাজারে।

লোকনাথপুরে বাঘের আতঙ্ক ,বসানো হলো খাঁচা



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২০ সেপ্টেম্বর : বাঘের আতঙ্ক ছড়িয়েছে সাউথ রায়ডাক রেঞ্জের লোকনাথপুর এলাকায়। গত কয়েকদিন ধরেই বাঘের আতঙ্কে ঘুম উড়েছে স্থানীয় বাসিন্দাদের। সন্ধ্যা নামলেই আতঙ্কে গুটিয়ে থাকছেন গ্রামবাসীরা।স্থানীয় সূত্রে জানা গিয়েছে, কয়েকদিন ধরে ওই এলাকায় বাঘের পায়ের ছাপ দেখা যাচ্ছে। পাশাপাশি গবাদি পশুর উপর হামলার ঘটনাও ঘটেছে বলে অভিযোগ। এর জেরে আতঙ্ক আরও বেড়েছে। বনদপ্তরে খবর দেওয়া হলে বনকর্মীরা এলাকায় নজরদারি শুরু করেন।পরিস্থিতি সামাল দিতে বনদপ্তরের পক্ষ থেকে ইতিমধ্যে ওই এলাকায় খাঁচা বসানো হয়েছে। বাঘটিকে ধরতে সবরকম চেষ্টা চালাচ্ছেন বনকর্মীরা। এলাকায় বনদপ্তরের টহলদারি বাড়ানো হয়েছে। গ্রামবাসীদের সতর্ক থাকার এবং একা জঙ্গল সংলগ্ন এলাকায় না যাওয়ার পরামর্শ দেওয়া হয়েছে।বনদপ্তরের এক আধিকারিক জানান, “লোকনাথপুর এলাকায় বাঘের উপস্থিতির খবর পেয়েছি। আমরা খাঁচা বসিয়েছি এবং নজরদারি চালাছি। আশা করছি দ্রুত বাঘটিকে উদ্ধার করা সম্ভব হবে।” অন্যদিকে, আতঙ্কের মধ্যেও বনদপ্তরের তৎপরতায় কিছুটা আশ্বস্ত গ্রামবাসীরা। দ্রুত বাঘটিকে ধরে নিরাপদ স্থানে সরিয়ে নিয়ে যাওয়ার দাবি জানিয়েছেন তারা।

কোচবিহারে আয়োজিত হলো গ্রামীণ উন্নয়ন ফলাফল পর্যালোচনা সভা



নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,কোচবিহার ,২০ সেপ্টেম্বর : রাজ্যের গ্রামোন্নয়ন,পঞ্চায়েত ও কৃষি বিপনন মন্ত্রী দিলীপ ঘোষ এর উপস্থিতিতে ও গ্রামোন্নয়ন দপ্তরের উদ্যোগে রবিবার আয়োজিত হয় গ্রামীণ উন্নয়ন ফলাফল পর্যালোচনা সভা। সভায় উপস্থিত ছিলেন আলিপুরদুয়ার এর সাংসদ মনোজ টিগ্লা ,রাজ্যের নারী ও শিশু কল্যান দপ্তরের প্রতিমন্ত্রী মালতী রাতা রায় ,উত্তরবঙ্গের বিভিন্ন জেলার বিধায়কগন ,কোচবিহারের জেলাশাসক সহ অন্যান্য আধিকারিকগন। জানা গেছে এদিনের সভায় উত্তরবঙ্গের গ্রামীণ উন্নয়ন বিষয়ে সার্বিক আলোচনা হয়। গ্রাম উন্নয়নের লক্ষ্যে কি কিকাজ করা হবে, চালু কাজ গুলির অগ্রগতির খতিয়ান প্রভৃতি বিষয়ে আলোচনা হয়।

Contact No: 9836753661

Graphic Design and Print Work

Desing work : Newspaper ,Magazine, Book ,Flex ,Poster ,Cartoon ,Logo

Publishing work

Publishing work : Newspaper ,Magazine, Book

EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE

ADDs: BANKRA DAKSHIN PALLY ,HOWRAH-711403 ,WEST BENGAL

বীরপাড়া চা বাগান এলাকায় উল্টে গেল জ্বালানি কাঠ বোঝাই একটি লরি



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২০ সেপ্টেম্বর : স্থানীয় সূত্রে জানা গিয়েছে, রবিবার লরিটি জ্বালানি কাঠ নিয়ে যাওয়ার সময় নিয়ন্ত্রণ হারিয়ে রাস্তার উপর উল্টে যায়। ঘটনায় লরির চালক ও খালসি অল্পবিস্তর আহত হয়েছেন বলে জানা গেছে। দুর্ঘটনার খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছায় পুলিশ। লরিতে থাকা কাঠগুলি রাস্তায় ছড়িয়ে ছিটিয়ে পড়ে। এর জেরে কিছুক্ষণের জন্য যানজট তৈরি হয়। কি কারণে এই দুর্ঘটনা ঘটল তা খতিয়ে দেখছে পুলিশ। প্রাথমিকভাবে অনুমান, অতিরিক্ত মাল বোঝাইয়ের কারণেই এই দুর্ঘটনা ঘটেছে।

শিলিগুড়ি পুলিশ এর উদ্যোগে সাইবার সচেতনতা ও মাদক সচেতনতা কর্মসূচি



নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,শিলিগুড়ি ,২০ সেপ্টেম্বর : শিলিগুড়ি পুলিশ কমিশনারেটের বিভিন্ন থানা তাদের নিজ নিজ এলাকায় সাইবার সচেতনতা ও মাদক সচেতনতা কর্মসূচি পরিচালনা করে চলেছে। এই কর্মসূচির মূল লক্ষ্য সাইবার জালিয়াতি, ডিজিটাল প্লাটফর্মের নিরাপদ ও দায়িত্বশীল ব্যবহার এবং মাদকের ক্ষতিকর ব্যবহার সম্পর্কে জনসাধারণের মধ্যে সচেতনতা সৃষ্টি করা। নাগরিকদের প্রতিরোধ মূলক ব্যবস্থা এবং সন্দেহজনক কার্যকলাপ ও ঘটনা সম্পর্কে দ্রুত পুলিশকে জানানোর গুরুত্ব সম্পর্কেও সচেতন করা হয়। শিলিগুড়ি পুলিশ কমিশনারেট জনসচেতনতা বৃদ্ধি,সামাজিক অংশগ্রহণকে উৎসাহিত করা এবং একটি নিরাপদ সমাজ গঠন নিশ্চিত করার লক্ষ্যেই এই কর্মসূচি আয়োজন করেছে বলে পুলিশ সূত্রে জানা গেছে।



Contact No: 9836753661



Graphic Design and Print Work

Desing work : Newspaper ,Magazine,
Book ,Flex ,Poster ,Cartoon ,Logo

Publishing work

Publishing work : Newspaper ,Magazine, Book

EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE

ADDs: BANKRA DAKSHIN PALLY ,HOWRAH-711403 ,WEST BENGAL